

128

ঢাকা ভাসিটিতে জাল ভর্তি : ব্যাপক তদন্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে জাল
ভর্তির ব্যাপারে ব্যাপক অনুসন্ধান শুরু
হয়েছে।

এদিকে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়-
য়ের মার্কেটিং বিভাগে অবৈধ উপায়ে
ভর্তি হবার কারণে যে-১২ জন ছাত্রের
ভর্তি বাতিল করা হয়েছিল তারা কিভাবে
ভর্তি হল অথবা জালিয়াতির মাধ্যমে
(৫-এর পৃঃ ১৪)

ঢাকা ভাসিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

কিভাবে ভর্তি হয় তা উদন্ত করে দেখার
জন্য কর্তৃপক্ষ ৫ সদস্যবিশিষ্ট একটি উচ্চ
পর্যায়ের তদন্ত কমিটি গঠন করেছেন।
কমিটির আহ্বায়ক হচ্ছেন বাণিজ্য
অনুসন্ধানের ডীন এ বি এম খালেদ।

অন্যদিকে কর্তৃপক্ষ ব্যাপক অনুসন্ধান
চালিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি
বিভাগের প্রথম পর্ব স্নাতকোত্তর শ্রেণীতে
বেশকিছু ছাত্র-ছাত্রীর অবৈধ ভর্তি শনাক্ত
করেছেন। খুব শীঘ্রই তাদের বিরুদ্ধে
ব্যবস্থা নেয়া হবে।

এদিকে কর্তৃপক্ষ এ সম্পর্কে কারো
কোন তথ্য জানা থাকলে তা তদন্ত
কমিটিকে জানিয়ে সহায়তা করার জন্য
অনুরোধ জানিয়েছেন।